

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৪০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৪১]

পর্ব-১৮: ভয়কালীন সালাত (كتاب صلاة الخوف)

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ الرَّحِيمِ الْبَرْقِيُّ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ يُوسُفَ، قَالَ: أَنْبَأَنَا سَعِيدُ بْنُ عَبْدِ الْعَزِيزِ، عِنَا الزُّهْرِيِّ، قَالَ: كَانَ عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ يُحَدِّثُ، أَنَّهُ صَلَّى صَلَاةَ الْخَوْفِ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: كَبَّرَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَصَفَّ خَلْفَهُ طَائِفَةً مِنَّا وَأَقْبَلَتْ طَائِفَةٌ عَلَى الْعَدُوِّ، فَرَكَعَ بِهِمُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكْعَةً وَسَجَدَتَيْنِ ثُمَّ انْصَرَفُوا وَأَقْبَلُوا عَلَى الْعَدُوِّ، وَجَاءَتِ الطَّائِفَةُ الْأُخْرَى فَصَلُّوا مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَفَعَلَ مِثْلَ ذَلِكَ ثُمَّ سَلَّمَ، ثُمَّ قَامَ كُلُّ رَجُلٍ مِنَ الطَّائِفَتَيْنِ فَصَلَّى لِنَفْسِهِ رَكْعَةً وَسَجَدَتَيْنِ .

تخریج دارالدعوه: تفرد به النسائي، (تحفة الأشراف: ۷۴۴۸) (صحيح) (اس سند میں زہری اور ابن عمر کے درمیان انقطاع ہے، مگر پچھلی سند متصل ہے)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1541 - صحيح لغيره

বাংলা

১৫৪০. মুহাম্মাদ ইবনু 'আবদুল্লাহ ইবনু আবদুর রহীম আল বাকী (রহ.) যুহরী (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, "আবদুল্লাহ ইবনু উমার (রাঃ) বর্ণনা করতেন যে, তিনি (একবার) রসূলুল্লাহ (সা.) -এর সাথে ভয়কালীন সালাত আদায় করেছিলেন। তিনি বলেন, নবী (সা.) তাকবীর বললেন এবং তার পিছনে আমাদের একটি দল কাতারবন্দী হয়ে দাঁড়িয়ে গেল। আর একদল শত্রুর মুখোমুখি দাঁড়িয়ে গেল। তখন নবী (সা.) তাঁদের নিয়ে একটি রুকু এবং দু'টি সাজদাহ্ করলেন। অতঃপর তারা ফিরে গেল এবং শত্রুর মুখোমুখি দাঁড়িয়ে গেল। আর দ্বিতীয় দল এসে গেল নবী (সা.) -এর সাথে সালাত আদায় করল এবং তিনি অনুরূপ করলেন। অতঃপর সালাম ফিরালেন। তারপর উভয় গ্রুপের প্রত্যেকে দাঁড়িয়ে গেল এবং নিজেদের একটি রুকু এবং দুটি সাজদাহ্ আদায় করে নিল।

English

It was narrated that Az-Zuhri said: Abdullah bin 'Umar used to narrate that he offered the fear prayer with the Messenger of Allah (ﷺ). He said: 'The Prophet (ﷺ) said the takbir and one group of us formed a row behind him while the other group faced the enemy. The Prophet (ﷺ) led them in bowing once and prostrating twice, then they moved away and faced the enemy, and the other group came and prayed with the Prophet (ﷺ), doing likewise. Then he said the taslim, then each man of both groups stood and prayed by himself, bowing once and prostrating twice.'

ফুটনোট

সহীহঃ নাসায়ী'র “সুনানুল কুবরা” ১৯২৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ যুহরী (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90036>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন